REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২রা ভাদ্র বুধবার ১৩৩৮ ইংরাজী 19th August 1931 | ১৩শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৵০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মণিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

## কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মুল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

# হিলিংবাম

৩৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৵০

# স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কায়ম্মা রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২রা ভাদ্র বুধবার ১৩৩৮ সাল।

## বহরমপুরে বৈদ্যুতিক আলো।

বহরমপুরে বৈদ্যুতিক আলো শীঘ্রই জ্বলিবে। খুঁটি পোতা শেষ হইয়াছে। বর্ত্তমানে তার লাগান হইতেছে।

---

## জঙ্গিপুর মিউনিসিপালিটির রাস্তা।

জঙ্গিপুর মিউনিসিপালিটি বর্ত্তমানে অনেকগুলি রাস্তা মেরামত করিয়াছে, কিন্তু কোনটাতেই ভালভাবে রোলার দেওয়া হয় নাই। ৫নং ওয়ার্ড ৺ভুবনমোহন ঘোষ মহাশয়ের বাড়ীর নিকট টিউবওয়েলের জলে কাদা হওয়ায় ঐ গলি রাস্তা দিয়া যাতায়াতে অসুবিধা হইতেছে। চেয়ারম্যান বাহাদুর মিউনিসিপালিটির ওভারসিয়ার বাবুকে ঐস্থানে পাকা ড্রেণ করিবার আদেশ দিয়াছিলেন, কিন্তু এ পর্য্যন্ত উক্ত কার্য্য আরম্ভ হয় নাই। আমরা এ বিষয়ে আমাদের সুযোগ্য চেয়ারম্যান বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## কাঙ্গালী ভোজন।

গত ২৭শে শ্রাবণ বুধবার স্থানীয় ব্যবসায়ী শ্রীযুক্ত হরষামল আগরওয়ালার শ্রাদ্ধোপলক্ষে তাঁর সুযোগ্য পুত্র শ্রীযুক্ত হরগোবিন্দ আগরওয়ালা প্রায় সহস্রাধিক কাঙ্গালীকে অন্ন ব্যঞ্জন দ্বারা পরিতৃপ্ত সহকারে ভোজন করাইয়াছেন। ভোজনান্তে প্রত্যেককে এক আনা হিসাবে পয়সা দিয়াছেন মুসলমান কাঙ্গালীগণকে চাউল ও পয়সা দিয়াছেন। দেশের এই দুঃসময়ে এই রকম দান প্রশংসনীয়।

---

## ম্যাট্রিকুলেশন পরীক্ষার বৃত্তি।

এবারে মুর্শিদাবাদ জেলা হইতে দুইটী ছাত্র মাসিক ১০৲ দশ টাকা হিসাবে বৃত্তি পাইয়াছে। জঙ্গিপুর হাই স্কুলের ছাত্র শ্রীমান্ বিশ্বনাথ ঘোষ হাজরা জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করিয়াছে এবং লালগোলা এম, এন, একাডেমির ছাত্র শ্রীমান্ ধনপতি দাস দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। আমরা শ্রীমান্দ্বয়ের ভবিষ্যৎ উন্নতি কামনা করি।

---

## চাকুরী যাওয়ার আতঙ্ক।

বহরমপুর, ১৬ই আগষ্ট

সেণ্ট্রাল সেন্সাস অফিসে সহস্রাধিক বাঙ্গালী যুবকের চাকুরী হইয়াছিল। এই বিভাগ শীঘ্রই উঠাইয়া দেওয়া হইবে; সুতরাং ঐ বিভাগের কর্ম্মচারীদের মনে বেকার আতঙ্ক জন্মিয়াছে।

---

## ক্ষুধার জ্বালায় সন্তান বিক্রয়।

সিরাজগঞ্জ, ১৬ই আগষ্ট

ক্ষুধার জ্বালায় বাধ্য হইয়া কাজিরপুর থানার খোসঝামকালির সালেমউল্লা সেখ নয় দিনের শিশু পুত্রকে সিরাজগঞ্জ থানার সিমলা গ্রামের আবেদ আলী সেখের নিকট ৫৲ টাকা মূল্যে বিক্রয় করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

---

## কুম্ভীরের গ্রাসে।

কান্দি, ১৬ই আগষ্ট

বিপ্রশেখর গ্রামের শিবদাস ভট্টাচার্য্য জোয়ারের সময় খরজুমার খাল পার হইতে যাইয়া কুম্ভীরের গ্রাসে পড়িয়াছেন। তাঁহার সঙ্গে আর একটী লোক ছিল, কয়েক মিনিট পরেই তিনি শিবদাস বাবুর চাদরখানি ভাসিতে দেখেন।

---

## পরলোকে আশুতোষ।

আমরা গভীর শোকের সহিত প্রকাশ করিতেছি যে জঙ্গিপুরের খ্যাতনামা উকিল, জঙ্গিপুর মিউনিসিপালিটীর ভূতপূর্ব্ব চেয়ারম্যান, জঙ্গিপুর হাই স্কুল ও রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের প্রেসিডেণ্ট আশুতোষ সরকার মহাশয় আর ইহজগতে নাই। কয়েক বৎসর পূর্ব্বে তাঁহার জ্যেষ্ঠ পুত্র যক্ষা রোগে মারা যায়, বর্ত্তমানে দ্বিতীয় পুত্রও উক্ত কাল রোগে আক্রান্ত হওয়ায় আশু বাবু শারীরিক ও মানসিক কষ্টভোগ করিতেছিলেন। হঠাৎ দুরারোগ্য সেরিবেরিয়াল ম্যালেঞ্জাইটিস" রোগে আক্রান্ত হওয়ায় গত ৩১শে শ্রাবণ রবিবার অজ্ঞান হইয়া পড়েন। সেইদিন অজ্ঞান অবস্থাতেই চিকিৎসার জন্য কলিকাতা মেডিকেল কলেজে লইয়া যাওয়া হয়। স্থানীয় ডাক্তার শ্রীযুক্ত কিশোরী মোহন সিংহ এম, বি মহোদয় তাঁহার সঙ্গে গিয়াছিলেন এবং মেডিকেল কলেজে লইয়া যাওয়ার ও ভর্ত্তি করিবার সুবন্দোবস্ত করিয়াছিলেন। সেখানে ৩২শে শ্রাবণ সোমবার অপারেশন হয় এবং বেলা ১১॰ ঘটিকার সময় ব্যাধির যন্ত্রণায় মুক্ত হইয়া আত্মীয় স্বজনের মায়া মমতা কাটাইয়া কলিকাতা মহানগরীতে নশ্বর মানব দেহ ত্যাগ করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৫২ বৎসর হইয়াছিল। তাঁহার বিধবা পত্নী ও ছেলে মেয়েদের সান্ত্বনা দিবার কিছুই নাই। আমরা ভগবানের নিকট পরলোকগত আত্মার শান্তি কামনা করি। যাও কর্ম্মবীর! রোগ-শোকবিহীন অমরধামে গিয়া নিরবচ্ছিন্ন স্বর্গীয় সুখ ভোগ কর।

---

## "আমরি বাংলা ভাষা!"

( শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত )

"আমরি বাংলা ভাষা,
মোদের গরব মোদের আশা
তোমার কোলে তোমার বোলে
কতই শান্তি ভালবাসা!"

Illiterate cultivator,
Paddy-cutting song-এ বেটার
Bloody বাউল savage মাঝির
গানে কি মিটে পিপাসা!

সে century গেছে চলে'
Education হয় না টোলে
এ যুগে দিয়েছি খুলে
স্কুল কলেজ মক্তব মাদ্রাসা॥

ক'রতে ভাষার decoration,
Addition ও alteration
Improvement trust present nation
Sanitation করছে খাসা॥

নয়তো মোদের এ জ্ঞান যে সে
গঙ্গা ডুবিল গ্যান্জেস-এ,
ইন্ডাস্ এল সিন্ধুদেশে
ভিয়াস্ হ'য়েছে বিপাশা॥

নতুন মালা দিয়ে গলে
বাংলা এনেছি বেঙ্গল-এ,
কলিকাতায় কাল কাটিয়ে
ক্যাল্‌কাটায় বেঁধেছি বাসা॥

বাজিয়ে বীণা নতুন তানে
বর্দ্ধমান আজ "বার্ডোয়ানে,"
চুঁচুড়ার অদৃষ্টে ছিল
"চিন্‌সুরা"র সুরাতে ভাসা॥

ভেবেছিলে কেউ কি কবে
মেদিনীপুর "মিড্‌নাপো" হবে,
কাঁথির মাথায় লাথি মেরে
"কণ্টাই"-এ ক'রবে কোণঠাসা।

"চিটাগঙ্" এই মিঠা নামে,
নাম দিয়েছি চট্টগ্রামে,
শ্রীহট্ট "সিল্‌হেট্" আসামে
হবার কি ছিল দুরাশা।

"টিপেরা" আজ ত্রিপুরাতে,
"আউধ" এল অযোধ্যাতে,
রামচন্দ্র থাকিলে তাতে
"র‍্যাম্" বনে' দেখ্‌তো তামাসা।

তোমার মাটি, তোমার বাটি,
আজি যে public property
নিষেধ নাই আজ সকল party
করে অবাধ যাওয়া আসা।

ক'রে জনার ছাহেব জবর দোস্তী
দিলে জবর ছওগাৎ জবরদস্তি,
পোলাও কাবাব প্যাজ্ রশুনে
কুঁচকে না আর তোমার নাসা।

Newly born সব তোমার child
আন্‌লে "জোলা," "ব্যাল্‌জ্যাক্," "অস্কার-য়াইল্‌ড,"
দিলে Dinner table palatable,
"রেনল্‌ড" আর "গি দে মোপাসা।"

বাৎসায়নের বৎসগণে
আন্‌লে শুভ আমন্ত্রণে
ফ্রয়েড্ হ্যাভ্‌লক্ এলিস, করে, relish
কতই কাঁচা আজকে ডাঁশা।

এই ভাষাতেই প্রথম মজি,
লিখনু মধুর sexology
এখন দন্তবিহীন অন্তকালে
বেদান্তে মিটাই তিয়াসা॥

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৫ই সেপ্টেম্বর ১৯৩১।

৪৬৭ খাং ডিঃ পঙ্কজকুমার দাস দেঃ হৃষিকেশ রায় দাবি ৯৷৶৩ পং গণকর মৌজে দফরপুর পাইকস্তা ১॥১৩ জমির কাত ১৳৵॰ আঃ ৫৲

৭৭৬ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেঃ ভোলানাথ সিংহ দাবি ২৩৳৯ পং রুকুনপুর মৌজে কাহালা ৫॥৪'॰ জমির কাত ৫৳॰ আঃ ২০৲

৭৭৮ খাং ডিঃ ঐ দেঃ আশুতোষ সাহা দাবি ৯/৬ পং নস্করপুর মৌজে রামেরগ্রাম /৩ কাঠার কাত ।৶৩ আঃ ২৲

৭৮॰ খাং ডিঃ ঐ দেঃ দিলমহম্মদ সেখ দাবি ১৭৲৬ পং সমসখালি মৌজে মালগোঠা ৳৩ জমির কাত ১৶৫ আঃ ৮৲

MOTOR CARS



MOTOR BUS

# THE NEW FORD.

## ১৯৩০ মডেল ফোর্ড কার

পুর্ব্ব মডেল অপেক্ষা বহু উন্নত।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক টিন পেট্রলে ৬০ মাইল রাস্তা যাইবে।

দাম—১১৯৫৲ টাকা।

প্যাসেঞ্জার বাস্ বড় ৩০০০৲ ছোট ২৪০০৲

আমরা এখানে আপনার যে কোন মেকারের গাড়ীর বদলে নূতন গাড়ী দিবার বা বাকী টাকা কিস্তি করিয়া আস্তে আস্তে লইবার এবং সর্ব্ব প্রকার গাড়ী ও মেরামতের উত্তম ব্যবস্থা করিয়াছি। বিস্তারিত বিবরণ পত্র লিখিলেই জানিতে পারিবেন। একবার পরীক্ষা প্রার্থনীয়।

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
খাগড়া পোঃ (মুশিদাবাদ)



৪টি সুবিখ্যাত 'সি—কে—এস' ঔষধ

**'অশোকা'**

অতিরিক্ত বা অনিয়মিত রজঃস্রাব, প্রদর, শ্বেত প্রদর, উদরে বেদনা, বিবামষ আদি সর্ব্ববিধ স্ত্রী-রোগের অমোঘ ঔষধ

**'নেত্রামৃত'**

দিনান্ধতা, রাত্রি-অন্ধতা, চোখ উঠা, জ্বালা করা, চোখে কম দেখা ইত্যাদি নানা প্রকার চক্ষুরোগের নির্দ্দোষ মহৌষধ

ম্যালেরিয়া আদি জ্বরে

**'অমৃতাদি কষায়'**

প্রত্যক্ষ ফলপ্রদ ঔষধ

সর্ব্ববিধ রক্তদুষ্টি দূর করিতে

**'সুরবল্লী কষায়'**

দেহ সুস্থ সবল সুন্দর করে

সি, কে, সেন এণ্ড কোং লিঃ, কলিকাতা



ভারতের সর্ব্বশ্রেষ্ঠ এবং বৃহত্তম বীমা কোম্পানী

**নিউ ইণ্ডিয়া এসিওরেন্স কোম্পানী লিমিটেড**

নিশ্চিন্ত মনে বীমা করুন এবং বীমা করিয়া ভবিষ্যতের জন্য নিশ্চিন্ত হউন।

এই কোম্পানী জীবনবীমা, অগ্নিবীমা, নৌবীমা, দুর্ঘটনাবীমা প্রভৃতি সকল প্রকার বীমার প্রস্তাব গ্রহণ করিয়া থাকে।

**জীবনবীমা বিভাগ**

১৯২৯ সালে প্রবর্ত্তিত। এই বিভাগ প্রথম দুই বৎসরেই এক কোটি পঞ্চান্ন লক্ষ টাকার কাজ সংগ্রহ করিয়াছে এবং এক কোটি দশ লক্ষ টাকার পলিসি বিতরণ করিয়াছে। ভারতে ভারতীয় বা বিদেশীয় অপর কোন বীমা কোম্পানী কাজের সূত্রপাতেই এরূপ অসাধারণ সাফল্যের পরিচয় দিতে সমর্থ হয় নাই।

ব্রাঞ্চ ম্যানেজার—
এস জে এফ রিভার্স

কলিকাতা অফিস—
১০০, ক্লাইভ ষ্ট্রীট

লাইফ সেক্রেটারী—
ডাঃ এস সি রায়



**ইউনিক এসিওরেন্স কোম্পানী লিঃ।**

(হেড অফিস—১০নং ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা)

স্বর্গীয় দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মহাশয়ের পৃষ্ঠপোষকতায় এই স্বদেশী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত।

এই কোম্পানীতে জীবনবীমা করিয়া অধুনিক সর্ব্ব-প্রকার চিত্তাকর্ষক সুযোগ ও সুবিধা ভোগ করুন।

এই কোম্পানীর প্রিমিয়ামের হার সর্ব্বনিম্ন।

রোগে বা আকস্মিক দুর্ঘটনায় বীমাকারী স্থায়ীভাবে উপার্জ্জনে অক্ষম হইলে আর প্রিমিয়াম না দিয়াও বীমাকারী বীমার সকল টাকা কিস্তিমত পাইয়া থাকেন।

এই কোম্পানীর বীমা বাতিল বা নষ্ট না হইয়া আপনি আপনি রক্ষিত হইতে পারে।

বাকীপড়া প্রিমিয়াম না দিয়াও বাতিল বীমার পুনঃ প্রবর্ত্তনের বিশেষ ব্যবস্থা আছে।

হাজার প্রতি পঞ্চাশ টাকা পঞ্চম বার্ষিক বোনাস কোম্পানীর বীমাকারীদিগকে দেওয়া হইয়াছে। সামনের (১৯০২ সালের) হিসাব নিকাশের সময় ইহা অপেক্ষা বেশী বোনাস দিবার আশা করা যায়।

এজেণ্টদিগকে বংশপরম্পরায় কমিশন দেওয়া হয়।

বিস্তারিত বিবরণের জন্য সত্বর আবেদন করুন।

চীফ-এজেণ্টস্—
ইণ্ডো-ব্রিটিশ ট্রেডিং কোম্পানী
গোরাবাজার, বহরমপুর, মুর্শিদাবাদ।



ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।



মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

**বাতের তৈল**

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আউন্স শিশি ১।/০ এক টাকা পাঁচ আনা।।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন বিশ্বাস কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)

৮০০ খাং ডিঃ ঐ দেঃ কার্ত্তিক দাস দাবি ১৫৵০ পং নস্করপুর মৌজে রামেরগ্রাম ৮০ কাঠা জমির কাত ১৮১৷০ আঃ ৫৲

৮৩৪ খাং ডিঃ কুমার কমলারঞ্জন রায় দেঃ কুবেরচাঁদ ভকত দিং দাবি ১১৵৯ পং কাশীপুর মৌজে সোনাপুর ৮৩৵০ জমির কাত ৮০ আঃ ২৲

৮৩৫ খাং ডিঃ ঐ দেঃ পঞ্চানন রায় দাবি ১৩১৷৵৬ পং কাশীপুর মৌজে কাঁচিচর লালখাঁ দিয়াড় ৯ একর ৬ শতক জমির কাত ২৫৷০ আঃ ১০০৲

৮৩৬ খাং ডিঃ ঐ দেঃ জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী দিঃ দাবি ৪৯৮৷৷৯ পরগণাদি ঐ ১০ একর ৫ শতক জমির কাত ৯৪৲ আঃ ২০০৲

৮৩৭ খাং ডিঃ ঐ দেঃ রাধা দাসী ওওয়ে রসিক মণ্ডল দাবি ২০৷৬ পং ঐ মৌজে গিরিয়া ৮৩৮০ জমির কাত ৮৩৮ আঃ ১৫৲

৫৭১ মর্গেজ ডিঃ পুলিনবিহারী বন্দ্যোপাধ্যায় দিং দেঃ বীণাপাণি দাসী নাবালিকা পক্ষে অলি পিতা ননী গোপাল মিস্ত্রী দাবি ২৫৩.৯ পং গনকর মৌজে বাঘা ৯.২ জমির কাত ১৫৮৵১৫ আঃ ৫০৲ দেন্দারের এক-তৃতীয়াংশ ২নং লাট পং ঐ মৌজে ঘোড়শালা ৩৮২ জমির কাত ৯৲ আঃ ২৫৲ দেন্দারের এক-তৃতীয়াংশ।

৫৭৫ মনি ডিঃ লক্ষ্মীনারায়ণ সিংহ দেঃ গদাধর দাস মৃত্যান্তে তস্য ওয়ারিশ অশ্বিনীকুমার দাস দিঃ দাবি ৮১৬৵৯ পং গনকর মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ৯/৩৷৷ জমির কাত ১০৵৬ আঃ ১০০৲ ২নং লাট পরগণাদি ঐ ৫/ বিঘার কাত ৪৷১০ ও ২৷৷০ বিঘার কাত ২৷৫ আঃ ৫০৲ ৩নং লাট পরগণাদি ঐ ৭৷০৮০ বিঘার কাত ৮৷৷/২৷৷ আঃ ৫০৲ ৪নং লাট পরগণাদি ঐ ২৷৩ বিঘার কাত ২৵১৭ আঃ ১৫৲

৫১৩ মনি ডিঃ ষষ্ঠীবালা দাসী দেঃ গোপী মালিনী দাবি ৯৭৷/০ পং গনকর মৌজে দেবোত্তর।১ কাঠার কাত ৮৵০ আঃ ১০৲ ২নং লাট পরগণাদি ঐ /৩ কাঠার কাত ৷৵০ আঃ ১২৲

---

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৮ই সেপ্টেম্বর ১৯৩১।

৫৬৪ খাং ডিঃ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় দিং দেঃ ক্ষিতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় দাবি ৬১/৯ পং কুণ্ডরপ্রতাপ মৌজে চর মথুরাপুর ২ একর ১৯ শতক জমির কাত ৯৲৬ পাই আঃ ৪৫৲

১০১ মনি ডিঃ হৃষিকেশ দাস দেঃ রাসবিহারী দাস দাবি ১৯২.৵৬ পং চক্‌ নদীয়া মৌজে জয়কৃষ্ণপুর ৩ একর ৮৬ শতক জমির কাত ১৪.৵০ তন্মধ্যে ২ একর ৯৩ শতক জমি নীলাম হইবে আঃ ৫০৲

---


## বৈজ্ঞানিক রবার দ্রব্য

রবার কুশন (বেড-সোর বা শয্যাক্ষত নিবারক) প্রত্যেকটী ৭৲
রবার গ্লোভস্ (অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য) জোড়া ৩৲
ফিঙ্গার ষ্টল্ (আঙ্গুলে পরিবার জন্য) প্রত্যেকটী ।/০
রবার ক্যাপ (গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক) ডজন ৩৲
রবার পেশারী (স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট) প্রত্যেকটী ২৲

পি, বি, সাপ্লাই এজেন্সী।
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা।
বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।






ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন ঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।


প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## CHEVROLET MOTORS.



A Six at the Cost of a Four.

নব সাজে সজ্জিত ছয় সিলিণ্ডার সেভ্রোলেট কার এবং বাস উভয়েই দামে যেমন সস্তা, কার্য্যে তেমনই মজবুত।

টুরিং কার ২৫৯৫৲ সীডান ৩৩৭৫৲

১৮ জন প্যাসেঞ্জার বসিবার উপযুক্ত বাস ৩০২০৲

১০।১১ জনের মত বাস ২৩৭০৲

পুরাতন গাড়ীর পরিবর্ত্তে নূতন গাড়ী দিবার এবং বাকী টাকা মাসে মাসে কিস্তি করিয়া লওয়ার উত্তম ব্যবস্থা করা হইয়াছে।

আমাদের কারখানায় সর্ব্বপ্রকার গাড়ী সত্বর রং এবং মেরামত করা হয়, চার্জ্জ অতি সুলভ।
সকল প্রকার পার্টস্, পেট্রল, টায়ার, টিউব সর্ব্বদা বিক্রয়ার্থে মজুত থাকে।
একবার পরীক্ষা প্রার্থনীয়।

এ, এল, মুখার্জ্জী এণ্ড ব্রাদার্স
সাব-ডিলার্স—খাগড়া, (মুর্শিদাবাদ।)



**এক টাকায়** ১২টী রবার ষ্ট্যাম্প—Book Post, Stamped, Cancelled, Copied, Urgent, Duplicate, Refused, Paid, Original, Order No, Filed, Registered. আট আনায় "ডেটিং ষ্ট্যাম্প" (১৯৪১ সাল পর্য্যন্ত প্রত্যেক তারিখ ছাপা যায়)। আট আনায় "সেল্‌ফ ইঙ্কিং প্যাড" কালী দরকার হয় না। তিন টাকায় পকেট প্রেস বেশ বড় তিনখানা ব্লক ও সমস্ত সরঞ্জাম আছে; চিঠিপত্র নোটীশ ইত্যাদি ক্ষুদ্র ক্ষুদ্র ছাপার জন্য ছাপাখানার খরচ লাগিবে না। মাঝারী সাইজের পকেট প্রেস ২৲, ছোট ১৲। বুড়ো আঙুলের টিপ লওয়া সরঞ্জাম ১৲ টাকা। ভিঃ পিঃ খরচ স্বতন্ত্র।

পি, বি, সাপ্লাই এজেন্সী, পোষ্ট বক্স ১১৪০৪ কলিকাতা।

